



সিএসএস পরিচালিত  
**হোপ পলিটেকনিক ইনস্টিটিউট**

স্থাপিত-২০১১ খ্রিঃ  
প্রতিষ্ঠান কোড: ৩৫১৪৩


তারিখ: ২৯/০৯/২০২৪ খ্রিঃ

**কোর্স ফি পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা হোপ পলিটেকনিক ইনস্টিটিউট-এ ২০২০-২০২১ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, উক্ত সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস গত আগস্ট'২১ মাসে শুরু হয় এবং কোর্সের মেয়াদ ৪ বছর হিসেবে শেষ হওয়ার কথা আগামী জুলাই'২৫ মাসে। কিন্তু করোনাকালীন সময়ে ইয়ার লস হওয়ার কারণে প্রতি ৬ মাসের সেমিস্টার কমিয়ে কমিয়ে উক্ত কোর্স নির্ধারিত সময়ের (৭ মাস) পূর্বেই আগামী ডিসেম্বর'২৪ মাসে ৮ম পর্বের সেমিস্টার ফাইনাল পরীক্ষার মাধ্যমে শেষ হয়ে যাবে। ফলে উক্ত ৭ (সাত) মাসের বেতন ও অন্যান্য ফিস (যদি থাকে) আগামী ৮ম পর্বের ফরম ফিলাপের সময় অবশ্যই পরিশোধ করতে হবে। অর্থাৎ কোর্স ফি এর শর্তানুসারে ভর্তি ফি, ৪৮ (আটচল্লিশ) মাসের বেতন, ৮টি সেমিস্টার ফি এবং ৭টি পর্ব মধ্য পরীক্ষার ফিসহ অন্যান্য ফি পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

নির্দেশক্রমে-

  
আনুতোর্ষ কুমার বিশ্বাস  
উপাধ্যক্ষ  
হোপ পলিটেকনিক ইনস্টিটিউট  
খুলনা।

**অনুলিপি: (সদয় অবগতি/কার্যার্থে):**

- ১। বিভাগীয় প্রধান-সিভিল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি (অবগতির জন্য)।
- ২। সকল শিক্ষক-শিক্ষিকাবৃন্দ (অবগতির জন্য)।
- ৩। আইটি অফিসার, এমএফপি, সিএসএস প্রধান কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা (নোটিশটি এইচপিআই ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস নথি।